এলিফ্যান্ট এন্ড ক্যাসল রিজেনারেশন বা পুন: উন্নয়ন
কার্যক্রমের একটি নির্দেশিকা

ইতিহাসে পা রেখেছে লন্ডনব্যপি বিখ্যাত, এলিফ্যান্ট এন্ড ক্যাসল এর চেহারা পাল্টে দেয়ার জন্য £ ১.৫ বিলিয়ন পাউন্ড খরচ করা হবে। পরবর্তী দশকে ক্রমান্বয়ে এলিফ্যান্ট লন্ডনের একটি বৃহৎ টাউন সেন্টারে রুপান্তরিত হবে। ৫,৩০০টি নতুন ঘরবাড়ী তৈরী করা হবে, পাঁচটি খোলা স্থান তৈরী করা হবে, স্থাপত্য শিল্প গড়ে উঠবে এবং স্থানীয় জনগনের জন্য হাজার হাজার চাকুরীর সৃষ্টি হবে।

বর্তমানের এলিফ্যান্ট এন্ড ক্যাসল

এলিফ্যান্ট এন্ড ক্যাসল এর রিজেনারেশন বা পুন: উন্নয়ন করতে প্রায় দশ বছর লাগবে। কিন্তু ইতিমধ্যে লন্ডনবাসী ইহাকে পরবর্তী বৃহৎ জিনিস হিসাবে দেখছে।

আমোদ প্রমোদ
নিউ কেন্ট রোডের করোনেট পুনরায় খোলা হয়েছে এবং শিরোনামে অভিনেতা অভিনেত্রির নাম থাকছে যেমন : ব্লার এবং জাস্টিন টিম্বারলেক। নদীর দক্ষিন পার্শ্বে 'মিনিস্ট্রি অব সাউন্ড ড্রস ক্লাবার্স' এবং ল্যাটিন আমেরিকান কমিউনিটি সাদার্ন রাউন্ড এবাউটে 'মিনিস্ট্রি অব সালসা' খুলেছে।

খাদ্য এবং পানীয়
'পিজ্জারিয়া ক্যস্টোলো' ওয়াল ওয়ার্থ রোডের শেষ প্রান্তে অবস্থিত যা এলিফ্যান্ট এন্ড ক্যাসল এর একটি প্রতিষ্ঠান। ইহার সাথে লা' বোডেগিতা নামক একটি নামকরা ল্যাটিন ক্যাফে এবং 'টিয়েনডাস ডেল সুর' ল্যাটিন দোকান সমূহের একটি আর্কিড এবং ব্যবসা বানিজ্য সপিং সেন্টারে যুক্ত হয়েছে । পেনরোজ স্ট্রিটের বিহিব হলো একটি ঐতিহ্যগত পাব।

সপিং বা কেনা বেচা
ওয়াল ওয়ার্থ রোড হলো একটি জনপ্রিয় সপিং স্ট্রিট। বালডউইন্‌স একটি হেল্‌থ সেন্টার যা সেখানে ১৮৪৪ সাল থেকে ব্যবসা করছে। টিভিতে Only Fools and Horses শো দেখাবার সময় প্রথমে ইস্ট স্ট্রিট মার্কেটের দৃশ্য দেখানো হবে, এবং তাহলো চার্লি চ্যাপলিন যেখানে থাকতেন সেই স্থান। টিলন (Tlon) নামক একটি পুরানো বইয়ের দোকান আছে যা সপিং সেন্টারের নীচের তলায় অবস্থিত এবং কাছাকাছি পুলেন্‌স ইয়ার্ড হাউজে অনেকগুলো চিত্র ও চারু শিল্পের ব্যবসা আছে।

সংস্কৃতি
লন্ডনের 'কলেজ অব কমিউনিকেশন' ঐ স্থানে একটি শৈল্পিক ভাবধারা যুক্ত করেছে, ইম্পেরিয়াল ওয়ার মিউজিয়াম (যুদ্ধ যাদুঘর) ঐ রাস্তায় আছে এবং কোয়ার্ক কমিং যাদুঘর ওয়ার ওয়ার্থ রোডের শেষ মাথায় অবস্থিত, যেখানে প্রত্ন তত্ব বিষয়ক বিভিন্ন কৌতুহলী জিনিসের সমাহার আছে। 'জিয়োবান ডেভিস ড্যান্স কোম্পানী' ঐ এলাকা থেকে সরে যাবে।

স্থাপত্য
সুপরিচিত আবাসিক ব্লক 'মেট্রো সেন্ট্রাল হাইট্‌স' এরনো গোল্ড ফিঙ্গার কর্তৃক ডিজাইন কৃত এবং মূলত ইহা আলেকজান্ডার ফ্লেমিং হাউজ নামে পরিচিত। ৭০ দশকের শুরুতে গ্রেটার লন্ডন কাউন্সিল কর্তৃক প্যারোনেট হাউজের উন্নয়ন করা হয়েছিল। তালিকাভূক্ত মাইকেল ফারাডে স্মৃতি চিহ্ন নর্দান রাউন্ড এবাউটের মাঝখানে অবস্থিত এবং ভবিষ্যতে অন্য স্থানে পুন:স্থাপন করা হবে।

এলিফ্যান্ট লিংকস

'এলিফ্যান্ট লিংকস সিঙ্গেল রিজেনারেশন বাজেট প্রোগ্রাম (SRB)', এখন এর শেষ বর্ষে, ইহা চালু করা হয়েছিল যাতে স্থানীয় জনগনকে আগামী (১.৫ বিলিয়ন) এলিফ্যান্ট এন্ড ক্যাসলের কাঠামোগত পুন: উন্নয়নের জন্য প্রস্তুত করতে সাহায্য করা যায়।

এলিফ্যান্ট লিংকস এই এলাকায় ৪৩ টি সার্বিক অর্থনীতি, কাঠামোগত এবং সামাজিক প্রোগ্রামের জন্য চালু করা হয়েছিল। এলিফ্যান্ট লিংক প্রোগ্রামের মধ্যে আছে :

এলিফ্যান্ট ইমপ্যাক্ট বা প্রভাব , ইহা এমন একটি প্রোগ্রাম যা এলিফ্যান্ট এন্ড ক্যাসল এলাকায় কাঠামোগত উন্নয়নে ভূমিকা রাখছে, যা বড় ধরনের পুন: উন্নয়ন বা রিজেনারেশন প্রোগ্রামকে এগিয়ে নিয়ে যাচ্ছে। প্রজেক্টের মধ্যে আছে সাবওয়ে পরিচ্ছন্ন করা ও পুন: লাইটিং করা, ব্রিজ সমূহকে পুনরায় রং করা এবং পুন: লাইটিং করা, অনেকগুলো ভবনে বিভিন্ন ধরনের পুন: লাইটিং করা ও পুনরায় রং করা। গাছপালায় লাইটিং দ্বারা সজ্জিত করা, গাছপালা রং করা এবং স্থানীয় স্কুল সমূহের বাহিরে সাইন বা নির্দেশনা মূলক চিহ্ন দেওয়া।

ইনটু (into), একটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিদ্যা প্রকল্প, যার মধ্যে থাকবে একটি কমিউনিটি ওয়েভ সাইট, স্ট্যাট অব দি আর্ট লার্ণিং সেন্টার, কমিউনিটি মিডিয়া স্টেশন এবং সৃজনশীল ও লাইফ স্কিল্স ট্রেনিং। পরিদর্শন করুন www.into.org.uk

এলিফ্যান্ট এঞ্জেল্স, একটি অদ্বিতীয় প্রোগ্রাম যা একজনের জন্য একজন কমিউনিটি এডভোকেসী এবং আউটরিচ ওয়ার্ক করে থাকে। ইহা ঝুঁকিপূর্ণ ও সামাজিকভাবে হতাশাগ্রস্থ কমিউনিটি সদস্যদেরকে চাকুরী, ঘরবাড়ী এবং পড়াশুনায় সহযোগীতা করতে সাহায্য করে থাকে।

এলিফ্যান্ট এন্ড ক্যাসল কমিউনিটি ওয়ার্ডেন স্কিম, যা এই এলাকার বাসিন্দা, কর্মজীবি, এবং ভ্রমনকারীদের ক্রাইম বা অপরাধ ভীতি কমিয়েছে।

বিজনেস এক্সট্রা, এলিফ্যান্ট এন্ড ক্যাসলের এবং সাদার্কের ছোট ব্যবসা সমূহকে সেবা প্রদান করে, যাতে করে তারা রিজেনারেশন কর্তৃক সৃষ্টি হওয়া পরির্তনশীল ব্যবসায়ীক পরিবেশের সাথে খাপ খাওয়াতে পারে।

কিক্ স্টার্ট, যা সকল জাতীয়তার ঝুঁকিপূর্ণ ছেলেমেয়েদের কার্যক্রমের ও সাপোর্ট প্রোগ্রামের সাথে জড়িত। প্রোগ্রামের সাথে ৫৫০ জনেরও বেশী ছেলেমেয়ে যারা ফুটবল, শিল্পকলা এবং মিডিয়ার সাথে কার্যকরীভাবে জড়িত এবং ইহা তরুনদের সাথে আলোচনা ও উদ্যোগ সমূহের সাথে জড়িতদেরকে যুক্ত করতে বর্ধিত করা হচ্ছে। কার্যক্রম সমূহের মধ্যে আছে ফুটবল, শিল্পকলা এবং মিডিয়া।

নতুন এলিফ্যান্ট এন্ড ক্যাসল দেখতে কেমন হবে ?

ভবিষ্যতের এলিফ্যান্ট এন্ড ক্যাসলে থাকবে বিভিন্ন ধরনের ঘরবাড়ী, দোকান, লেজার বা অবসর কর্মকান্ড, যানবাহন যোগাযোগ, অফিস ভবন এবং খোলা স্থান সমূহ। পরিকল্পনায় ছয়টি প্রধান আলোচ্য এলাকা প্রস্তাব করা হয়েছে।

সিভিক স্কোয়ার

নর্দার্ণ রাউন্ড এবাউটের বর্তমান স্থানে, একটি বৈচিত্র্যময় নতুন সিভিক স্কোয়ার তৈরী করা হবে যা ২০১০ থেকে ২০১৪ এর মধ্যে হবে। ইহা পাবলিক ট্রান্সপোর্ট বিনিময় হিসাবে কাজ করবে এবং যেখানে উৎসব,এক্সিবিশন ও স্ক্রিনিং এর স্থান থাকবে।

ওয়ালওয়ার্থ রোড

ইহাকে নতুন সিভিক স্কোয়ার এর সাথে যুক্ত করতে বর্ধিত করা হবে এবং নতুন একটি বড় হাই স্ট্রিট এ রুপান্তরিত করা হবে, যেখানে অনেক ধরনের দোকান ও ক্যাফে থাকবে।

রেল পথের জন্য ব্রিজ বা সেতু

বর্তমানের রাস্তার উপর দিকের ট্রেন স্টেশনকে একটি সম্পূর্ণ নতুন রেল স্টেশনে রুপান্তরিত করা হবে, যাতে নাটকীয় চকচকে আবরন দ্বারা সজ্জিত করা হবে, যার থেকে সেন্ট্রাল লন্ডনের দৃশ্য দেখা যাবে। রেল পথের ব্রিজ বা সেতুর আর্চ এ ব্যবসা ও বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য খোলা থাকবে এবং সিভিক স্কোয়ার ও টাউন পার্ক থেকে সরাসরি প্রবেশাধিকার থাকবে।

একটি খোলা মার্কেট স্কোয়ার

মার্কেটটি হবে অনেকটা কভেন্ট গার্ডেন বা বরো মার্কেট এর মতো। ইহা থাকবে আর্চের পূর্ব দিকে এবং ওয়াল ওয়ার্থ রোডের ব্যস্ততম পরিস্থিতির সাথে একটি সমন্বয় সাধন করবে।

টাউন পার্ক

ট্যারাস্‌ড হাউজিং এর চারদিকে হে' গেট এস্টেট এলাকায় একটি নতুন টাউন পার্ক সৃষ্টি করা হবে।

হে' গেট স্ট্রিট

হে' গেট স্ট্রিট কে পুনরায় ডিজাইন করে নাটকিয়ভাবে ৪০ মিটার প্রশস্ত রাস্তায় রুপান্তরিত করা হবে। গাছপালা, গাড়ী, সাইকেল এবং নতুন নদী পারাপারকারী ট্রাম এর সমারোহ থাকবে। প্রশস্ত রাস্তার দুই পার্শ্বে থাকবে আট তলা ভবন সমূহ, বিভিন্ন দ্রব্যাদির দোকান, ক্যাফে, অফিস, একটি লাইব্রেরী এবং নতুন হাউজিং....

রিজেনারেশন এর সময়সীমা

গত দুই বছর যাবত সাদার্ক কাউন্সিল এলিফ্যান্ট এন্ড ক্যাসলের রিজেনারেশন এর পরিকলাপনা সঠিকভাবে করার জন্য কাজ করছে। এই উচ্চাভিলাসী ও দীর্ঘ মেয়াদী প্রোগ্রাম শেষ হওয়ার কথা ২০১৪ এর মধ্যে।

মার্চ ২০০২	সাদার্ক কাউন্সিল এবং এর পছন্দ করা অংশিদার, সাদার্ক ল্যান্ড রিজেনারেশন একটি চুক্তিতে উপনীত হতে না পারায় পূর্বতন রিজেনারেশন পরিকল্পনা বন্ধ হয়ে যায় ।
মে ২০০২	সাদার্ক কাউন্সিলের এক্সিকিউটিভ বা নির্বাহী কমিটি এলিফ্যান্ট এন্ড ক্যাসলের রিজেনারেশনের প্রতিশ্রুতির নবায়ন করেছে।
জানুয়ারী ২০০৩	সাদার্ক কাউন্সিল এলিফ্যান্ট এন্ড ক্যাসলের ভবিষ্যত রিজেনারেশনের বিষয়ের কাঠামোগত নীতিমালা প্রকাশিত করে।
জুন ২০০৩	জনসাধারনের দ্বারা পর্যালোচনা করার জন্য একটি খসড়া উন্নয়ন নীতিমালা প্রকাশিত হয়েছে।
ফেব্রুয়ারী ২০০৪	স্থানীয় জনসাধারনের শতকরা ৮০ ভাগ সমর্থনের মাধ্যমে জয়ী হয়ে সাদার্ক কাউন্সিলের নির্বাহী কমিটি উন্নয়ন কর্ম সূচিতে একটি অতিরিক্ত নির্দেশিকা গৃহীত হয়।

জুন ২০০৪	**MAKE** স্থপতি নিয়োগ দেয়া হয়, যাতে করে সঠিকভাবে কাঠামো তৈরী করা যায়, যা বানিজ্যিক সেক্টর এ উন্মুক্ত হওয়ার জন্য তৈরী আছে।
অক্টোবর ২০০৪	হাউজিং অংশিদার খোঁজার জন্য একটি প্রচেষ্টা পদ্ধতি শুরু।
ফেব্রুয়ারী ২০০৫	আনুষ্ঠানিকভাবে ইউরোপীয়ান প্রচেষ্টা পদ্ধতি শুরু, যাতে করে প্রধান বানিজ্যিক উন্নয়ন অংশিদার পাওয়া যায়।
২০০৬	একটি বানিজ্যিক উন্নয়ন অংশিদারের নির্বাচন সম্পন্ন।
২০০৬ এর মাঝামাঝি	প্রথমে হাউজিং সাইট বা এলাকার নির্মান শুরু।
২০০৫-২০১০	রিজেনারেশন এলাকার দক্ষিনের বেশীরভাগ এলাকার উন্নয়ন, এর মধ্যে থাকবে ওয়াল ওয়ার্থ রোডের বর্ধিত করন, হে' গেট বুলেভার্ড এবং সেন্ট মেরী'স চার্চ ইয়ার্ড।
২০০৬-২০১১	হে' গেট এস্টেটের অপসারন এবং ভাড়াটেদেরকে এলিফ্যান্ট এন্ড ক্যাসেলের চারদিকে নতুন সোশ্যাল হাউজিং এ ঘরবাড়ী বরাদ্দ করা।
২০১০	এলিফ্যান্ট এন্ড ক্যাসলের সপিং সেন্টার অপসারন বা ডিমলিশ করা।
২০১০-২০১৪	সিভিক স্কোয়ার এর নির্মাণ কাজ করা এবং হে' গেট এস্টেট ফুটপ্রিন্টের উন্নয়ন করা।
২০১৪:	এলিফ্যান্ট এন্ড ক্যাসলের রিজেনারেশন সমাপ্ত।